গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৭.১১.০৩৮.১৯(অংশ-১)- ৩৩৮ তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮ / ১৪ জুন, ২০২১

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৬/১২/২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৬.০০৩.২০/২৭৬, সংখ্যক পত্রের সুপারিশক্রমে ৩৮তম বিসিএস এ ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে (নন-ক্যাডার ১ম শ্রেণী, ৯ম গ্রেড) ১৮টি শূন্য পদে নিয়োগের জন্য স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অনাপত্তি জ্ঞাপনের পরিপ্রেক্ষিতে এ প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদে বর্ণিত ১০ (দশ) জন প্রার্থীকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী(পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী পদে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড, বেতনক্রমঃ টাকা ২২০০০-৫৩০৬০/) নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ

(ক) তাঁকে সরকার/নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ যেরূপ পেশাগত প্রশিক্ষণ নির্ধারণ করবে সেরূপ পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে প্রযোজ্য শর্ত সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী করা যাবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৮তম বিসিএস এর সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) দাখিলকৃত কাগজপত্র ও তথ্যাদি সঠিক না হলে এ নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হবে;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর - অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় হতে ০১ (এক) মাসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে জমা দিতে হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২২/০৬/২০২১ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবর (যোগদানস্থলঃ এলজিইডি, সদর দপ্তর, ভবন লেভেল-৫, আগারগাঁও, ঢাকা) যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

**Covid-19 পরিস্থিতি বিবেচনায় সরকারের লকডাউন সংক্রান্ত যে কোন নির্দেশনার প্রেক্ষিতে কোন সিদ্ধান্তের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা, মোবাইল নম্বর- ০১৭১১১৬৭১০৯, +৮৮-০২-৫৮১৫১৪১০ (অফিস) এবং নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা মোবাইল নম্বর-০১৭১১১৭২৯৬১-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।** নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩। অধিদপ্তরের নাম : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
পদের নাম : সহকারী প্রকৌশলী(পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী
নিয়োগপ্রাপ্ত জনবল (সংখ্যা) : ১০(দশ) জন

| ক্রমিক নং | মেধাক্রম | রেজিষ্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|---|
| ১। | ১ | ০৭৮৮৮০ | মোঃ বখতিয়ার হোসেন |
| ২। | ২ | ০৭৫৩৭৮ | মোঃ আবুল কালাম আজাদ |
| ৩। | ৩ | ৬০১৮২৮ | আসিফ খান রাবি |
| ৪। | ৪ | ১২৮৩০৫ | রবীন্দ্র চক্রবর্তী |
| ৫। | ৫ | ০২৬৫৪৩ | জিবরীল আহাম্মদ |
| ৬। | ৭ | ০১৪৯০৮ | মোঃ মামুনুর রহমান |
| ৭। | ৮ | ০৩৬১৬৪ | মোঃ রুবেল হোসেন |
| ৮। | ৯ | ০১৮৮০২ | মোঃ হোসেন আলী |
| ৯। | ১১ | ১২২২৬০ | মোঃ রেজওয়ানুর রহমান |
| ১০। | ১২ | ০০৬৬৪৮ | মোঃ শামছুল আরেফিন |

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৩/৬/২০২১

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব

নং-৪৬.০০.০০০০.০৬৭.১১.০৩৮.১৯(অংশ-১)- ৩৩৮(২২)

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮
১৪ জুন, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন আগারগাঁও, ঢাকা। তাঁর কার্যালয়ের গত ০৬/১২/২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৬.০০৩.২০/২৭৬ সংখ্যক পত্রের সুপারিশ।
৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৩০(ত্রিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব
১১। অফিস কপি।

১৪/০৬/২০২১

( মোঃ মাসুম পাটওয়ারী )
উপসচিব
ফোন- ৯৫৭৪০১৪
ই-মেইল lgdev1@lgd.gov.bd